



কোস্ট গার্ড সদর দপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন: ০১৭৬৯-৪৪০৯০২
ফ্যাক্স: ০২-৮১৮১২৭৬
ই-মেইল: it@coastguard.gov.bd

৪৪.০৮.২৬৮০.০০৫.০৭.০০১.২১. ৩১৬

২৬ ফেব্রুয়ারি ২০২১

গত ১১ ফেব্রুয়ারি ২০২১ সকাল ১০০০ ঘটিকায় সদর দপ্তর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বাংলাদেশ কোস্ট গার্ড এর ইনোভেশান সংক্রান্ত কমিটির ৪র্থ সভার কার্য বিবরণী

সূত্রঃ

ক। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০০৫.০৭.০০১.২০.৪৮৬ তারিখ ১৩ ডিসেম্বর ২০২০।

১। সূত্র মোতাবেক গত ১১ ফেব্রুয়ারি ২০২১ ঘটিকায় বাংলাদেশ কোস্ট গার্ড এর ইনোভেশান টিমের ৪র্থ সভা ক্যাপ্টেন সাক্বির আহমেদ খান, (জি), পিসিজিএমএস, পিএসসি, বিএন, পরিচালক (আইটি ও যোগাযোগ) এর সভাপতিত্বে সদর দপ্তর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত কর্মকর্তাগণ অংশগ্রহণ করেনঃ

ক্যাপ্টেন সাক্বির আহমেদ খান	পরিচালক, আইটি ও যোগাযোগ (ইনোভেশান অফিসার)
কমান্ডার এ টি এম আতিকুল্যাহ	উপ-পরিচালক, প্রকৌশল (সদস্য)
কমান্ডার খাজা মাসুম	উপ-পরিচালক, অপারেশান্স (সদস্য)
কমান্ডার আবদুল্লাহ আল মামুন	উপ-পরিচালক, গোয়েন্দা (সদস্য)
কমান্ডার এম লোকমান হাকিম	উপ-পরিচালক, পরিকল্পনা (সদস্য)
কমান্ডার এ কে এম মিজানুর রহমান	উপ-পরিচালক, আইটি ও যোগাযোগ (সদস্য সচিব)


স্বাগত ভাষণ

২। সভার শুরুতেই সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান এবং সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে বাংলাদেশ কোস্ট গার্ড সদস্যদের মধ্যে উদ্ভাবন চর্চার ভূমিকা, উদ্দেশ্য, ব্যবহার ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বিষয়ে সকলকে অবহিত করেন। এছাড়া উদ্ভাবন চর্চার জন্য গঠিত ইনোভেশান টিমের কার্যপরিধি ও কার্যক্রমের বিষয়ে আলোকপাত করেন। পরবর্তীতে সভাপতি সভার আলোচ্যসূচির বিষয়ে আলোকপাত করার জন্য কমিটির সদস্য সচিবকে আহ্বান জানান। এতদসংক্রান্ত আলোচ্য বিষয়াদি নিম্নরূপঃ

আইটেম-১।	VDI (Virtual Desktop Infrastructure) (সীমিত)।	কার্যক্রম
৩।	কোস্ট গার্ড পূর্ব জোনের ইনোভেশান টিম কর্তৃক উপস্থাপন করা হয় যে, পূর্ব জোনের সকল দাপ্তরিক কাজের জন্য ৫০-১০০ টি কম্পিউটার একই সার্ভার এ সংযুক্ত করার জন্য VDI (Virtual Desktop Infrastructure) স্থাপন করা যেতে পারে। এ প্রেক্ষিতে উপ পরিচালক (আইটি ও যোগাযোগ) অবহিত করেন যে, এপিপি ২০২০-২০২১ অনুযায়ী আইটি ও যোগাযোগ কর্তৃক ২০ জন বিশিষ্ট ০১ টি ICT Lab সুবিধাজনক জোনে স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।	পরিচালক (আইটি ও যোগাযোগ)
৪।	সিদ্ধান্ত। সভাপতি সার্বিক অবস্থা বিবেচনায় বর্তমানে চলমান ICT Lab তৈরীর পরে উক্ত VDI (Virtual Desktop Infrastructure) স্থাপনের উদ্যোগ গ্রহণ করার নির্দেশ প্রদান করেন।	

<p>আইটেম-২। জাহাজের মেশিনারি সংক্রান্ত গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় তথ্যসমূহ সংরক্ষণের জন্য Machinery Information Management System তৈরীকরণ (সীমিত)।</p> <p>৫। কোস্ট গার্ড পশ্চিম জোনের ইনোভেশান টিম কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া আরও সহজতর এবং দ্রুততার সহিত সম্পন্ন করার জন্য Machinery Information Management System ডাটাবেজ প্রস্তুত করা হলে জাহাজের সকল মেশিনারিসমূহের তথ্য, রিফিট/ডকিং ইত্যাদি সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা সম্ভব হবে। ফলে এইসব গুরুত্বপূর্ণ তথ্যসমূহ অতি সহজেই পাওয়া যাবে এবং জরুরি প্রয়োজনে যে কোন দপ্তর/সংস্থা প্রয়োজনীয় তথ্যসমূহ সংগ্রহ করতে পারবে। সেবা প্রদান প্রক্রিয়া আরও সহজতর করে সকলের আয়ত্রে আনার লক্ষ্যে Machinery Information Management System তৈরী করা যেতে পারে। উপ পরিচালক প্রকৌশল জানান যে, বাংলাদেশ কোস্ট গার্ডে বর্তমানে ব্যবহৃত CGPMS Engineering Module এর মধ্যে উল্লেখিত তথ্যাদি বিদ্যমান রয়েছে। বিভিন্ন জোন কর্তৃক উক্ত CGRPMS এ log in হয়ে বর্ণিত সেবা গ্রহণ করা সম্ভব।</p> <p>৬। সিদ্ধান্ত। CGRPMS হতে বর্ণিত তথ্যাদি/সেবা গ্রহণ করা সম্ভব বিধায় নতুন করে কোন Machinery Information Management System ডাটাবেজ তৈরীর প্রয়োজন নাই বলে সভাপতি সিদ্ধান্ত প্রদান করেন।</p>	পরিচালক (লজিস্টিকস)
<p>আইটেম-৩। চলমান প্রজেক্ট CGRPMS Software এবং Vehicle Tracking System (সীমিত)।</p> <p>৭। আইটি ও যোগাযোগ পরিদপ্তর কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, মন্ত্রনালয়ে প্রতিবেদন প্রেরণের নিমিত্তে চলমান প্রজেক্ট CGRPMS Software এবং Vehicle Tracking System ইনোভেটিভ প্রজেক্ট হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে। এপ্রেক্ষিতে, বর্ণিত প্রজেক্টসমূহের সর্বশেষ আপডেট ও আপগ্রেডেশন সম্পর্কিত তথ্য সংগ্রহ করা প্রয়োজন।</p> <p>৮। সিদ্ধান্ত। সভাপতি ইনোভেটিভ প্রজেক্ট হিসেবে মন্ত্রনালয়ে প্রতিবেদন প্রেরণের নিমিত্তে CGRPMS Software এবং Vehicle Tracking System প্রজেক্টসমূহের সর্বশেষ আপডেট ও আপগ্রেডেশন সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণের নির্দেশ প্রদান করেন।</p>	পরিচালক আইটি ও যোগাযোগ পরিচালক (লজিস্টিকস)

৯। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে অর্পিত দায়িত্বসমূহ যথাযথভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করেন এবং ধন্যবাদ জ্ঞাপনকরতঃ ১২০০ ঘটিকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।


এ কে এম মিজানুর রহমান
কমান্ডার বিএন
পক্ষে ইনোভেশান কর্মকর্তা

বিতরণঃ
বহিস্থঃ
কার্যঃ

কমান্ড্যান্ট, সিজি বেইস অগ্রযাত্রা
জোনাল কমান্ডার পূর্ব জোন
জোনাল কমান্ডার পশ্চিম জোন
জোনাল কমান্ডার দক্ষিণ জোন
জোনাল কমান্ডার ঢাকা জোন

- ই-মেইল/ফ্যাক্সের মাধ্যমে

অন্তস্থঃ
কার্যঃ
সকল পরিদপ্তর/বিভাগ
সংশ্লিষ্ট সকলকে
অবগতিঃ
মহাপরিচালকের সচিবালয় - সদয় অবগতির জন্য।